

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৭৩

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - জাহান্নাম ও জাহান্নামীদের বর্ণনা

الفصل التَّنِف (باب صفة النار وَأَهْلهَا)

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «أُوقِدَ عَلَى النَّارِ أَلْفَ سَنَةٍ حَتَّى الحُمَرَّتُ ثُمَّ أُوقِدَ عَلَيْهَا أَلْفَ سَنَةٍ حَتَّى اسْوَدَّتْ فَمَّ أُوقِدَ عَلَيْهَا أَلْفَ سَنَةٍ حَتَّى اسْوَدَّتْ فَهِيَ سَوْدَاءُ مُظْلِمَةٌ» . رَوَاهُ التِّرْمِذِي

سنده ضعیف ، رواه الترمذی (2591) و ابن ماجه (4320) * شریک القاضی مدلس و عنعن وقال ابو هریرة رضی الله عنه :" اترونها حمراء کنارکم هذه ؟ لهی اسود من القار و القار الزفت " (الموطا للامام مالک (2 / 994) و سنده صحیح و حکمه الرفع : وهو یغنی عنه ۔

(ضَعِيف)

বাংলা

৫৬৭৩-[৯] আবূ হুরায়রাহ্ (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: জাহান্নামের আগুনকে প্রথমে একহাজার বছর পর্যন্ত জ্বালানো হয়েছে, তাতে তা লাল হয়ে যায়। তারপর এক হাজার বছর প্রজ্বেলিত করা হয়, ফলে তা সাদা হয়ে যায়। অতঃপর একহাজার বছর অবধি জ্বালানো হয়, অবশেষে তা কালো হয়ে যায়। অতএব তা এখন ঘার অন্ধকার কালো অবস্থায় রয়েছে। (তিরমিযী)

ফুটনোট

য'ঈফ: তিরমিয়ী ২৫৯১, ইবনু মাজাহ ৪৩২০, য'ঈফ ইবনু মাজাহ ৯৪১, য'ঈফ আল জামি আস্ সগীর ২১২৫, য'ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২১৩২, শারীক ইবনু 'আবদুল্লাহ আন্ নাসায়ী আল কাযী-এর মুখস্থশক্তি



य'ঈक वा पूर्वल; य'ঈकार ১৩০৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসটি স্পষ্টভাবে প্রমাণ বহন করে যে, জাহান্নামকে সৃষ্টি করা হয়েছে এবং এটাই আহলুস সুন্নাহর মত, তবে ব্যতিক্রম মত পোষণ করে মু'তাযিলা এবং কিছু বিদ্আতী ভ্রান্ত ফিরকাসমূহ। তাদের 'আকীদাহ্ হলো জান্নাত জাহান্নামকে এখনো তৈরি করা হয়নি।

অতএব এমনটি খুবই দুর্বল এবং ভুল ধারণামাত্র। জান্নাত-জাহান্নাম তৈরি করা হয়েছে এই পক্ষে আরো বহু হাদীস আছে যেখানে স্পষ্ট করে বলা হয়েছে। (মিরক্বাতুল মাফাতীহ, তুহফাতুল আহ্ওয়াযী ৬/২৬৯১)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন